



මහලාභ සංවිධාන-ට, සම්පූර්ණ  
විද්‍යා මට්ටම සහතික කළ, සේවක

**Job Category:** NGO/Development

**Job Source:** මහලාභ සංවිධාන

## Job Summary

**Posted On:** 29 Dec 2024

**Application Deadline:** 15 Jan 2025

# নিয়োগ বিজ্ঞপ্তি

মাইক্রোক্রেডিট রেসপন্সিবিলিটি অথরিটি কর্তৃক সনদ প্রাপ্ত প্রতিষ্ঠান দাবী মৌলিক উন্নয়ন সংস্থা, কাঁঠালতলী, সান্তাহার রোড, নওগাঁ কর্তৃক বাস্তবায়িত মাইক্রোফাইন্যান্স কর্মসূচির জন্য নিম্ন বর্ণিত পদে নিয়োগের জন্য সৃজনশীল ও অভিজ্ঞ বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে আবেদন আহ্বান করা যাচ্ছে। কর্ম এলাকাঃ নওগাঁ, জয়পুরহাট, বগুড়া, নাটোর ও রাজশাহী।  
এম.আর.এসনদ নংঃ ০০৯৪৭-০০৭১০-০০০২১

ক্রঃ নং	পদের নাম	বয়স (সর্বোচ্চ)	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	মাসিক বেতন (শিক্ষানবীস কাল)	মাসিক বেতন (স্থায়ী করণের পর)
০১	সহকারী পরিচালক	৪৫ বছর	স্নাতকোত্তর। পিকেএসএফ সাহায্য পুষ্ট সহযোগী সংস্থা/জাতীয়পর্যায়ের ক্ষুদ্র ঋণ পরিচালনাকারী সংস্থায় ম্যানেজমেন্ট লেভেলে ঋণ কার্যক্রমে কমপক্ষে ৮ বছর কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে। বাংলা ও ইংরেজি উভয় বিষয়ে লেখা ও বলায় পারদর্শী হতে হবে। নিবিড়ভাবে মাঠে কাজ করার মানসিকতা থাকতে হবে। কম্পিউটার ও মাইক্রোফিন সফটওয়্যারে দক্ষ হতে হবে।	-	১৩২০০০
০২	সহঃ সমন্বয়কারী (প্রশিক্ষণ)	৪০ বছর	স্নাতক/ স্নাতকোত্তর ডিগ্রী। আঞ্চলিক/জাতীয় পর্যায়ে এনজিও-তে মাইক্রোফাইন্যান্স কর্মসূচিতে সংশ্লিষ্ট পদে কমপক্ষে ৫ বছরের বাস্তব অভিজ্ঞতা এবং প্রশিক্ষণের মডিউল তৈরী ও প্রশিক্ষণ পরিচালনায় পারদর্শী হতে হবে।	৬০০০০	৭৯২০০
০৩	সহঃ ব্যবস্থাপক (নিরীক্ষা)	৩৫ বছর	বানিজ্য স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রী। আঞ্চলিক/জাতীয় পর্যায়ে এনজিও-তে মাইক্রোফাইন্যান্স কর্মসূচিতে সংশ্লিষ্ট পদে বাস্তব অভিজ্ঞতা ও কম্পিউটারে দক্ষ প্রার্থীদের ক্ষেত্রে অগ্রাধিকার দেওয়া হবে।	৩৮০০০	৪৮৪০০
০৪	শাখা ব্যবস্থাপক	৪০ বছর	স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রী। আঞ্চলিক/জাতীয় পর্যায়ে এনজিও-তে মাইক্রো ফাইন্যান্স কর্মসূচিতে সংশ্লিষ্ট পদে কমপক্ষে ৩ বছরের বাস্তব অভিজ্ঞতা ও মাইক্রোফাইন্যান্স এর সফটওয়্যার পরিচালনায় পারদর্শী হতে হবে।	৩৫০০০	৪৫১০০
০৫	ফিল্ড অফিসার-২	৩৫ বছর	স্নাতক/সমান ডিগ্রী। আঞ্চলিক/জাতীয়পর্যায়ে এনজিও-তে মাইক্রোফাইন্যান্স কর্মসূচিতে সংশ্লিষ্ট পদে বাস্তব অভিজ্ঞতা ও কম্পিউটারে দক্ষ প্রার্থীদের ক্ষেত্রে অগ্রাধিকার দেওয়া হবে।	২৩০০০	৩২১২০
০৬	ফিল্ড অফিসার-৩	৩৫ বছর	নূন্যতম এইচ,এস,সি পাস। এনজিও-তে মাইক্রোফাইন্যান্স কর্মসূচিতে সংশ্লিষ্ট পদে বাস্তব অভিজ্ঞতা ও কম্পিউটারে দক্ষ প্রার্থীদের ক্ষেত্রে অগ্রাধিকার দেওয়া হবে।	১৮০০০	২৫০৮০

**নিয়ম ও শর্তাবলী:** নিয়োগ প্রাপ্তদের ক্ষেত্রে ৬ মাস হতে ১ বছর শিক্ষানবিশকাল শেষে নিয়মিত বেতন কাঠামো ভুক্ত করা সহ প্রভিডেন্টফান্ড, গ্রাচুইটি, বছরে ২টি উৎসব বোনাস এবং সংস্থার নিয়ম অনুযায়ী অন্যান্য সুবিধাদি প্রদান করা হবে। উল্লেখিত বিবরণ অনুযায়ী সকল পদে আগ্রহী প্রার্থীদের পূর্ণ জীবন বৃত্তান্ত, অভিজ্ঞতার বিবরণ, মূল সনদপত্রের সত্যায়িত কপি, দুই কপি পাসপোর্ট সাইজের ছবি ও মোবাইল নম্বর সহ স্ব-হস্তে লিখিত আবেদন **নির্বাহী পরিচালক**, দাবী মৌলিক উন্নয়ন সংস্থা, কাঁঠালতলী, নওগাঁ, বরাবর **আগামী ১৫-০১-২০২৫** তারিখের মধ্যে ডাক অথবা কুরিয়ার যোগে পৌছাতে হবে। শুধুমাত্র বাছাইকৃত প্রার্থীদের পরীক্ষা গ্রহণের স্থান, তারিখ ও সময়সূচী মোবাইল যোগে জানানো হবে। নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণের জন্য সংস্থা কোন প্রকার ভাতা প্রদান করবেনা। আবেদনকৃত পদের নাম খামের উপর উল্লেখ করতে হবে। লিখিত ও মৌখিক পরীক্ষার সময় সকল সনদ পত্রের মূলকপি সঙ্গে আনতে হবে। নারী, আদিবাসী ও প্রান্তিক জনগোষ্ঠীর প্রার্থীদের আবেদন করার জন্য উৎসাহিত করা যাচ্ছে। নির্বাচনী পরীক্ষায় নির্বাচিত হলে নিয়োগ প্রাপ্তির সময় সকল পদে জামানত (ফেরতযোগ্য) প্রদান আবশ্যিক এবং সকল পদের জন্য **নিজস্ব মোটর সাইকেল** ও বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। নিয়োগ প্রাপ্তির ক্ষেত্রে কমপক্ষে ২ বছরের কাজের নিশ্চয়তা প্রদান করতে হবে।

## নির্বাহী পরিচালক

দাবী মৌলিক উন্নয়ন সংস্থা

চকরামপুর, কাঁঠালতলী, সান্তাহার রোড,  
নওগাঁ-৬৫০০।